তারিখ 04 OCT 2016
পৃষ্ঠা ২৯ কলাম ৪

# ইস্টার্ন ইউনিভার্সিটির অ্যাডমিশন ওপেন হাউস শুরু

ইস্টার্ন ইউনিভার্সিটিতে শুরু হয়েছে তিন দিনব্যাপী ফল সেমিস্টার অ্যাডমিশন ওপেন হাউস। সকাল ৯টা থেকে শুরু হয়ে সন্ধ্যা ৭টা পর্যন্ত প্রতিদিন এই মেলা চলবে। গতকাল সোমবার রাজধানীর ধানমণ্ডির বিশ্ববিদ্যালয় প্লাজায় এই মেলার উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয় বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান মো. আজিজুল ইসলাম।

এ সময় আরও উপস্থিত ছিলেন বোর্ড অব ট্রাস্টিজের সদস্য মোহাম্মদ আলী আজম, উপাচার্য অধ্যাপক ড. আবদুর রব, উপ-উপাচার্য অধ্যাপক ড. আবদুল হান্নান চৌধুরী, ডিন, রেজিস্ট্রার, অ্যাডভাইজার, চেয়ারপারসন, ভর্তি শাখার পরিচালক, শিক্ষক, কর্মকর্তা ও শিক্ষার্থীবৃন্দ। মেলায় ভর্তির আবেদনপত্র ■ পৃষ্ঠা ১৫ : কলাম ৬

## ইস্টার্ন ইউনিভার্সিটির

[১৯ পৃষ্ঠার পর]

সংগ্রহকারীদের জন্য আছে ভর্তি ফির ওপর ৪০ শতাংশ, মেধাভিত্তিক টিউশন ফির ওপর ১০ থেকে ১০০ শতাংশ ছাড়। এ ছাড়া তাৎক্ষণিক ভর্তিতে আছে আকর্ষণীয় উপহার। উল্লেখ্য, বিশ্ববিদ্যালয়টিতে ফল সেমিস্টারের ব্যাচেলর ও মাস্টার্স পর্যায়ে চারটি অনুষদের অধীনে ১১টি প্রোগ্রাম চলবে। মেলা চলাকালীন প্রতিদিন ব্যাচেলর প্রোগ্রামের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। যেসব শিক্ষার্থীর সিজিপিএ ৭ বা ততোধিক তারা সরাসরি ভর্তির সুযোগ পাবেন। বিস্তারিত তথ্যের জন্য যোগাযোগ– ইস্টার্ন ইউনিভার্সিটি, বাড়ি নং-২৬, রোড-৫, ধানমণ্ডি, ঢাকা। হেল্পলাইন : ০১৭৪১-৩০০০০২, ফোন- ৯৬৭১৯১২, ৯৬৭১৯২৫। সংবাদ বিজ্ঞপ্তি।